# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪২১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হয়তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতে প্রত্যেক চার রাকাত এক সালামে এবং তিন রাকাত বিতর এক সালামে আদায় করতেন

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّي بِاللَّيْلِ كُلَّ أَرْبَعِ رَكَعَاتٍ بِتَسْلِيمَةٍ وَيُوتِرُ بثلاثٍ بِتَسْلِيمَةٍ

আরবী

2421 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهُ أَخْبَرَهُ: أَنَّهُ سَأَلَ عَائِشَةَ: كَيْفَ كَانَتْ صَلَاةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي رَمَضَانَ؟ فَقَالَتْ: مَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي رَمَضَانَ وَلَا فِي غَيْرِهِ يَزِيدُ عَلَى إِحْدَى عَشْرَةَ رَكْعَةً يُصَلِّي أَرْبَعًا فَلَا تَسْأَلْ عَنْ حُسْنِهِنَّ وطُولهن , ثُمَّ يُصَلِّي أَرْبَعًا فَلَا تَسْأَلْ عَنْ حُسْنِهِنَّ وَطُولِهِنَّ ثُمَّ يُصَلِّي ثَلَاثًا قَالَتْ عَائِشَةُ: يَا رَسُولَ اللَّهِ أَتَنَامُ قَبْلَ أَنْ تُوتِرَ؟ فَقَالَ:(يَا عَائِشَةُ إِنَّ عيني تنامان ولا ينام قلبي).

الراوي : أَبُو سَلَمَةَ بْن عَبْدِ الرَّحْمَنِ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2421 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صلاة التراويح)) (19 ـ 20): ق.

বাংলা

২৪২১. আবূ সালামাহ বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করেন, “রমযানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত কেমন ছিল?” জবাবে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানে এবং অন্য সময়ে ১১ রাকা‘আতের বেশি সালাত আদায় করতেন না। তিনি ৪ রাকা‘আত সালাত আদায় করতেন। তুমি তার সৌন্দর্য ও দীর্ঘতা সম্পর্কে জিজ্ঞেস কর না। তারপর তিনি আরো ৪ রাকা‘আত সালাত আদায় করতেন। তুমি তার সৌন্দর্য ও দীর্ঘতা

সম্পর্কে জিজ্ঞেস কর না। তারপর তিনি ৩ রাকা‘আত বিতর সালাত আদায় করতেন।”

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “হে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি কি বিতর সালাত আদায় করার আগে ঘুমান?” জবাবে তিনি বলেন, “হে আয়িশা, নিশ্চয়ই আমার চোখ ঘুমায় কিন্তু আমার অন্তর ঘুমায় না।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১২০; মুসনাদ আহমাদ: ৬/৩৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭১১; সহীহ আল বুখারী: ১১৪৭; সহীহ মুসলিম: ৭৩৮; আবূ দাঊদ: ১৩৪১; নাসাঈ: ৩/২৩৪; তিরমিযী: ৪৩৯; তাহাবী: ১/২৮২; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৬৬; আবূ আওয়ানা: ২/৩২৭; সুনান বাইহাকী: ১/১২২; বাগাবী: ৮৯৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সালাতুত তারাবীহ: ১৯-২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91746

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন